দৈনিক
ইত্তেফাক

তারিখ [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# গুণগত শিক্ষায় শিক্ষার্থী তৈরি করতে হবে

--------------- ঢাবি প্রো-ভিসি

■ মুন্সীগঞ্জ প্রতিনিধি

মুন্সীগঞ্জে 'বিজ্ঞানভিত্তিক তথ্যচিত্র উপস্থাপন, মানসম্মত শিক্ষা ও পরিবেশ সচেতনতা' বিষয়ক কর্মশালা হয়েছে। এতে জেলার ২শ'টি শিক্ষা প্রতিষ্ঠানের ৪শ শিক্ষক অংশ নেন। বুধবার জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে দিনব্যাপী এ কর্মশালায় প্রধান আলোচক হিসেবে মাল্টিমিডিয়ার মাধ্যমে প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও উদ্ভিদ বিজ্ঞানী প্রফেসর ড. শহীদ আকতার হোসেন। মুন্সীগঞ্জ জেলা প্রশাসন আয়োজিত এই কর্মশালায় জেলা প্রশাসক মোঃ সাইফুল হাসান বাদলের সভাপতিত্বে বক্তব্য রাখেন অধ্যাপক সুখেন চন্দ্র ব্যানার্জী, সরকারি হরগঙ্গা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সাহেদুল কবির, প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মেজর মোঃ রেজাউল করিম, জেলা শিক্ষা অফিসার শরিফুল ইসলাম, জেলা শিক্ষক সমিতির সভাপতি ফজলুল করিম ও মুন্সীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি মীর নাসিরউদ্দিন উজ্জ্বল।

'পরিবেশ বিপর্যয়, জলবায়ু পরিবর্তন ও সবুজায়ন' বিষয়ে গণসচেতনতা এবং পরিবেশ রক্ষায় শিক্ষার্থীদের আগ্রহ সৃষ্টির ওপর কর্মশালায় গুরুত্বারোপ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. শহীদ আকতার হোসেন বলেন, 'বেশি এ-প্লাস নয়, শিক্ষার্থী তৈরি করতে হবে গুণগত শিক্ষায়। বৃক্ষপ্রেমী, লাইব্রেরি ওয়ার্ক, বিতর্ক প্রতিযোগিতা, ক্রীড়া ও দেশজ সংস্কৃতিসহ ভালো মানুষ হিসেবে তৈরি করা হবে সঠিক কাজ।